17 JUL 2017

যুগান্তর

# ঢাবির নতুন ভিসি নির্ধারণে প্যানেল মনোনয়ন ২৯ জুলাই

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের মেয়াদ শেষ হচ্ছে ২৪ আগস্ট। তিনি দ্বিতীয় মেয়াদে উপাচার্যের দায়িত্ব পালন করছেন। নতুন মেয়াদে উপাচার্য মনোনয়নের প্রথম ধাপ 'উপাচার্য প্যানেল মনোনয়ন'। এই লক্ষ্যে ২৯ জুলাই বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সিনেটের বিশেষ সভা আহ্বান করা হয়েছে। একাধিক সূত্র যুগান্তরকে এ তথ্য নিশ্চিত করেছে।

বিশ্ববিদ্যালয় সূত্র বলছে, সিনেটের ওই বিশেষ সভা থেকে তিন সদস্যের একটি উপাচার্য প্যানেল নির্বাচন করা হবে। এই প্যানেল থেকে একজনকে বিশ্ববিদ্যালয়ের পরবর্তী উপাচার্য নির্ধারণ করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য রাষ্ট্রপতি। বিশ্ববিদ্যালয়ের একাধিক সিনেট সদস্য এবং দায়িত্বশীল কয়েকটি সূত্র জানায়, ইতিমধ্যেই বিশেষ সিনেট অধিবেশন সম্পর্কে অবহিত করে রোববার বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান স্বাক্ষরিত একটি চিঠি সংশ্লিষ্টদের কাছে পাঠানো হয়েছে। সূত্রগুলো জানায়, ওই চিঠিতে বলা হয়, 'ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২১(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে উপাচার্য ২৯ জুলাই বিকাল ৪টায় সিনেট ভবনে সিনেটের বিশেষ সভা আহ্বান করেছেন। সভায় ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ১১(১) ■ পৃষ্ঠা ৭ : কলাম ৭

# ঢাবির নতুন ভিসি নির্ধারণে প্যানেল

(৩য় পৃষ্ঠার পর)

ধারা অনুযায়ী মহামান্য চ্যান্সেলর কর্তৃক ভাইস-চ্যান্সেলর নিয়োগের জন্য তিনজনের একটি প্যানেল মনোনয়ন করা হবে। ভাইস-চ্যান্সেলর প্যানেলে যাদের নাম অন্তর্ভুক্ত করার জন্য প্রস্তাব করা হবে, নাম প্রস্তাবকালে তাদের লিখিত সম্মতি সিনেট চেয়ারম্যানের কাছে পেশ করতে হবে।'

চিঠির সত্যতা নিশ্চিত করে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো. এনামউজ্জামান যুগান্তরকে বলেন, সিনেটের বিশেষ সভার মাধ্যমে তিন সদস্যের উপাচার্য প্যানেল মনোনয়ন দেয়া হবে। পরে এই প্যানেল থেকে একজনকে উপাচার্য নিয়োগ দেবেন রাষ্ট্রপতি। এ বিষয়ে অবগত করে সংশ্লিষ্টদের চিঠি দেয়ার বিষয়টি সঠিক এবং ২৪ আগস্ট বর্তমান উপাচার্যের মেয়াদ শেষ হবে বলেও জানান তিনি।

এদিকে উপাচার্য প্যানেল মনোনয়নকে সামনে রেখে কে আসছেন বিশ্ববিদ্যালয়ের পরবর্তী শীর্ষ নেতৃত্বে, তা নিয়ে ক্যাম্পাসের সর্বত্র আলোচনা এখন তুঙ্গে। বিশ্ববিদ্যালয় ক্লাব ও শিক্ষক লাউঞ্জগুলোতেও আলোচনার মুখ্য বিষয় এখন এটি। আগামী জাতীয় নির্বাচন সামনে রেখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সে কারণে ক্ষমতাসীন আওয়ামী লীগও পরবর্তী উপাচার্য মনোনয়নের বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে— এমনটিই মনে করছেন সংশ্লিষ্টরা। একাধিক শিক্ষক যুগান্তরকে বলেন, প্যানেল মনোনয়নকে সামনে রেখে উপাচার্য পদে যেতে চান এমন সম্ভাব্য প্রার্থীরা নিজ নিজ জায়গা থেকে পদটি পেতে বিভিন্নভাবে চেষ্টা করছেন।